3 0 MAR 1991
তারিখ 3 0 MAR 1991
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক খবর

# ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির অনুরোধ

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কোন শিক্ষা বা ধর্মীয় কিংবা জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের দখলে থাকা জমি আর যাতে টাকার বিনিময়ে কোন ব্যক্তি দখল করতে না পারেন, সে জন্য জাতীয় সংসদে বিল উত্থাপন ও পাস করে আইন প্রণয়নের জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানিয়েছে। সমিতির সভাপতি অধ্যাপক

২-এর পাতায় দেখুন

## ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

আনোয়ারুল্লাহ চৌধুরী ও সাধারণ সম্পাদক অধ্যাপক মোঃ শাহাদত আলী এক বিবৃতিতে নগরীর উইলস লিটল ফ্লাওয়ার স্কুল বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদ করে এক বিবৃতিতে একথা বলেছেন। বিবৃতিতে বলা হয়ঃ কাকরাইলে অবস্থিত উইলস্ লিটল ফ্লাওয়ার স্কুলের দখলে রাখা পুরো জমি বরাদ্দ নিয়ে গত কিছুদিন ধরে শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবক-অভিভাবিকাবৃন্দের মধ্যে আমরা একটা উদ্বেগ ও উৎকণ্ঠা লক্ষ্য করছি। আমরা জানতে পেরেছি, এই বিদ্যালয় সরকার কর্তৃক অনুমোদিত ও নির্বাচিত কমিটি দ্বারা পরিচালিত একটি কল্যাণধর্মী শিক্ষা প্রতিষ্ঠান। এখানে বাংলা ও ইংরেজী মাধ্যমে প্রভাতী ও দিবা শাখায় সাড়ে [illegible] হাজার ছাত্র-ছাত্রী লেখাপড়া করে। ১৯৫৬ সালে শিক্ষানুরাগী মিসেস জোসেফাইন উইলস্ এই বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। তাঁর মৃত্যুর পর তাঁর স্বামী মিস্টার ডি আর উইলস্ স্কুলটিকে একটি স্থায়ী ভিত্তিতে প্রতিষ্ঠা করবার উদ্দেশ্যে একখন্ড জমি রেজিষ্টারী মূল্যে প্রতিষ্ঠানের বরাবরে দান করেন। আমরা আরও জানতে পারি যে, বর্তমানে একটি প্রভাবশালী স্বার্থান্বেষী মহলের প্রতিবন্ধকতার কারণে স্কুলটি এক কঠিন সংকটের সম্মুখীন হয়েছে। শোনা যায় যে, স্কুলটি উঠিয়ে দেয়ার পাঁয়তারা চলছে। বাংলাদেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে স্বার্থান্বেষী মহলের চক্রান্তকে প্রতিহত করার দৃঢ়সংকল্প আমরা ব্যক্ত করছি এবং এই সঙ্গে উইলস্ লিটল ফ্লাওয়ার স্কুলের মত রাজধানীর একটি পুরনো শিক্ষা প্রতিষ্ঠানকে বন্ধ করে কিংবা উঠিয়ে দেয়ার যে কোন ষড়যন্ত্রের বিরুদ্ধে সংশ্লিষ্ট সকল মহলকে সোচ্চার হতে অনুরোধ জানাচ্ছি। শিক্ষা বিস্তারে নিয়োজিত রাজধানীর একটি প্রথম শ্রেণীর এই বিদ্যালয়কে রক্ষা ও সাড়ে ৪ হাজার নবীন শিক্ষার্থীর লেখাপড়ার স্বার্থে আমরা স্কুলের দখলে থাকা পুরো জমি প্রতিষ্ঠানের অনুকূলে স্থায়ীভাবে বরাদ্দের জন্য বর্তমান সরকারের প্রতি আবেদন জানাচ্ছি।